দর্শনা দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। আজ শুক্রবার দুপুরে এ চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করছে তারেক আহম্মেদ।

অভিযোগ সুত্রে জানাযায় দর্শনা পৌরসভার দক্ষিনচাঁদপুর গ্রামের হাবিবুর রহমানের ছেলে তারেক আহম্মেদ ১৫০ সিসির পালসার মোটরসাইকেল যার ডিজিটাল নাং চুয়াডাঙ্গা ল ১১-৬৮৪৪ বাড়ির সামনে রিলিংয়ের ভিতর রেখে নামাজ পড়তে যায়।নামাজ পড়ে এসে দেখে তার ব্যাবহারকৃত মোটরসাইকেলটি আর নাই। পরে অনেক খুঁজাখুঁজি করে মোটরসাইকেলটির আর সন্ধান মেলেনি।

দর্শনায় হঠাৎ করে আবারো মোটরসাইকেল চোর চক্র সক্রিয় হয়ে উঠছে।গত ১ মাস আগেও দর্শনা মোহাম্মদপুর থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। কোন উপায়ন্ত না পেয়ে দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করেছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা বলেন মোটরসাইকেল চুরির ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে একটি সাধারন ডাইরি হয়েছে।একটি অভিযোগপত্র পাওয়া গেছে।তবে বিষয়টি তদন্ত করে চোরাই মোটরসাইকেল উদ্ধারে পুলিশি তৎপরতা চলছে।

মেহেরপুরে কয়েক ঘন্টার ব্যবধানে দুটি মোটরসাইকেল চুরি

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে চাদবিল নামক স্থান থেকে ডিসকভার ব্র্যাণ্ডের ১২৫ সিসি এবং সদর একই উপজেলার সাহেবপুর থেকে পালসার

ব্র্যাণ্ডের মোটরসাইকেল চুরি হয়েছে।

গতকাল বুধবার বিকাল ৩ টার দিকে চাঁদবিল থেকে এবং দুপুরের দিকে সাহেবপুর থেকে এ চুরির ঘটনা ঘটে। পৃথক এ ঘটনায় মেহেরপুর সদর থানায় দুটি অভিযোগ দাখিল করা হয়েছে।

চাঁদবিল থেকে চুরি যাওয়া মোটরসাইকেলের মালিক তুহিনের শ্যালক শিশির বলেন, ঘটনার সময় তার দুলাভাই তুহিন সড়কের পাশে মোটরসাইকেল রেখে চাষের জমি দেখতে গিয়েছিলেন।

এর কয়েক মিনিটের মধ্যে মোটরসাইকেল নিয়ে চোর চুয়াডাঙ্গা সড়কের দিকে চলে যেতে দেখে। কিন্তু সড়কে উঠার আগেই মোটরসাইকেল নিয়ে চলে যায়। অপরদিকে, সাহেবপুর গ্রামে একই ভাবে পালসার মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে।